

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
প্রকল্প পরিচালকের কার্যালয়
 বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প-১
 বিআইডব্লিউটিএ ভবন, ৩য় তলা
 ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নং-১৮.১১.০০০০.১৮১.১৪.০০৯.১৭.৮৩

তারিখঃ ২৩ নভেম্বর ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বিশ্বব্যাংকের অর্থায়নে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কর্তৃক বাস্তবায়নায়ী “বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প-১ (চট্টগ্রাম-ঢাকা-আশুগঞ্জ ও সংযুক্ত নৌ-পথ খনন এবং টার্মিনালসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ)” -শীর্ষক প্রকল্পের অধীনে প্রকল্প মেয়াদে “অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” এর শূন্য পদে সর্বসাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ীভাবে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাদি পূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নাম	প্রকল্পের নাম	গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	মোট সাকুল্য বেতন	বয়সসীমা	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	বাংলাদেশ আঞ্চলিক নৌ-পরিবহন প্রকল্প-১ (চট্টগ্রাম-ঢাকা-আশুগঞ্জ ও সংযুক্ত নৌ-পথ খনন এবং টার্মিনালসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ)	গ্রেড-১৬	টাকা ১৭,০৪৫/-	১৮-৩০ বছর; তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণের জন্য অনূর্ধ্ব ৩২ বছর	২(দুই)	১) ন্যূনতম স্নাতক/সমমান পাশ ; ২) কর্মক্ষেত্রে কমপক্ষে ২(দুই) বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং ৩) প্রার্থীকে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ৩০টি অক্ষর এবং ইংরেজিতে ৪০টি অক্ষর টাইপ করার যোগ্যতা থাকতে হবে।	সব জেলা

শর্তাবলীঃ

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাকরির আবেদনপত্রের ফরমেটে আবেদন করতে হবে। উক্ত আবেদনপত্রের নমুনা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এর ওয়েবসাইটেও (www.biwta.gov.bd) পাওয়া যাবে। আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে এ পর্যায়ে অন্য কোন প্রকার কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সব শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা ও নাগরিকত্ব সনদ ইত্যাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ঐ সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রের ১(এক) কপি সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
- মৌখিক পরীক্ষার সময় মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পিতা/মাতার জন্য ইস্যুকৃত সনদ/প্রত্যয়নপত্র, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং ঐ সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রের ১(এক) কপি সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
- আবেদনপত্রের সাথে “বিআইডব্লিউটিএ-১ প্রকল্প” বরাবর ১০০ (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে;
- নিয়োগ এবং অন্যান্য আর্থিক সুযোগ-সুবিধার ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত উন্নয়ন প্রকল্পের প্রচলিত নিয়মাবলী অনুসরণ করা হবে;
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;
- আবেদনপত্রের খামের ওপরে পদের নাম, প্রার্থীর নাম ও প্রার্থীর নিজ জেলার নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে;

৭। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের সাথে পত্র দ্বারা যোগাযোগ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে কোন ধরনের টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রার্থীর নিজ বর্তমান ঠিকানা লিখিত ১০(দশ) টাকার ডাক টিকেট সংবলিত ১০” x ৪” সাইজের একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

- ৮। আবেদনপত্র ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ বিকেল ৫.০০ টার মধ্যে “প্রকল্প পরিচালক, বিআরডব্লিউটিপি-১ প্রকল্প, বিআইডব্লিউটিএ ভবন (৩য় তলা), ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০” বরাবর প্রেরণ করতে হবে;
- ৯। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মুহম্মদ মহিউদ্দিন চৌধুরী)

উপ-পরিচালক (ফাইন্যান্স এন্ড এডমিন)
বিআরডব্লিউটিপি-১ প্রকল্প